দৈনিক
ইত্তেফাক

তারিখ 21 DEC 2015
১৩ কলাম ৮

# ত্রিমোহনী বিদ্যালয়ে শ্রেণিকক্ষ সংকট

■ রাণীনগর (নওগাঁ) সংবাদদাতা

রাণীনগর উপজেলার প্রায় ৯০ বছরের পুরনো ঐতিহ্যবাহী ৮নং ত্রিমোহনী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কক্ষ সংকট রয়েছে। পরিত্যক্ত ভবন যে কোনো সময় ভেঙে বড় ধরনের দুর্ঘটনা ঘটার আশঙ্কা প্রকাশ করছেন বিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী, অভিভাবক ও সচেতন মহল। বর্তমানে এ বিদ্যালয়ে প্রায় ৪শ' ৪ জন শিক্ষার্থী প্রতিদিন পাঠ গ্রহণ করছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহসিন আলী জানান, ১৯২৫ সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠার সময় মাটির তৈরি ভবন দিয়ে যাত্রা শুরু হলেও দেশ স্বাধীনের আগে প্রতিষ্ঠানটি নানা সমস্যায় জর্জরিত থাকলেও স্বাধীনতা অর্জনের পর বিদ্যালয়টিকে সরকারিকরণ করা হয়। তখন মাটির কয়েকটি কক্ষ নির্মাণ করে পাঠদান করা হতো। এরপর ১৯৮২ সালে টিনশেডের চার কক্ষ বিশিষ্ট একটি ভবন নির্মাণ করা হয়। দীর্ঘদিন ব্যবহার ও সংস্কার না করায় ওই ভবনের শ্রেণিকক্ষগুলো পাঠদানের অনুপযোগী হলে ২০০০ সালে নতুন ৫ কক্ষ বিশিষ্ট আরেকটি দ্বিতল ভবন নির্মাণ করা হলে ওই কক্ষগুলো পরিত্যক্ত ঘোষণা করা হয়। পরিত্যক্ত ঘোষণার দীর্ঘ ১২ বছর পার হলেও সরকারিভাবে ভেঙে ফেলার কোনো উদ্যোগ গ্রহণ করা হয়নি। বিদ্যালয় চলাকালে কোমলমতি ছাত্র-ছাত্রীরা সবার অজান্তেই ওই কক্ষে খেলাধুলা করে। যার কারণে যে কোনো বড় দুর্ঘটনা ঘটে যেতে পারে। অপরদিকে শ্রেণি কক্ষের সংকট থাকায় শিক্ষার্থীদের একই কক্ষে গাদাগাদি করে পাঠ গ্রহণ ও বসার সমস্যার সৃষ্টি হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মজনুর রহমান জানান, এ বিদ্যালয়ের সমস্যা চিহ্নিত করে সংশ্লিষ্ট বিভাগকে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য জানানো হয়েছে।